



নং-০৭.০৩.০০০০.০০৩.৬৫.৪৪০.১৮-২৪

তারিখঃ ২৪/০১/২০২১খ্রি

বিষয়: পেনশনারদের EFT এর আওতায় আনয়নের সময় বকেয়া পরিশোধ প্রসঙ্গে।

সূত্র: ১। সিজিএ কার্যালয়ের পত্র নং-০৭.০৩.০০০০.০০৩.০৪.৩২৮(খন্ড-৫).১৮-৭৭১, তারিখঃ ০৯/০৮/২০২০খ্রি.
২। সিএএফও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর পত্র নং-সিএএফও/পিএফএম/সিজিএ যোগাযোগ (খন্ড-১)/৪৩-৪০৯,
২০/১২/২০২০ খ্রি.

সূত্রস্থ ১ নং পত্রের মাধ্যমে ইতিপূর্বে Existing পেনশনারদের EFT এর আওতায় আনয়নের সময় সকল বকেয়া পরিশোধ এবং আইবাস++ সিস্টেমে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠায় নির্দেশনা প্রদান করা হয়েছিল। লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে সংশ্লিষ্ট Pay Point হতে বকেয়া পরিশোধ না করেই সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে পেনশনারদের তথ্য আইবাস++ সিস্টেমে প্রেরণ করা হচ্ছে। আবার কোন কোন ক্ষেত্রে পেনশনারদের মূল পিপিও বহি অনুযায়ী পরিশোধিত পেনশন এবং আইবাস++ সিস্টেমে আপলোডকৃত পিপিও বহির কপির মধ্যে পার্থক্য পরিলক্ষিত হচ্ছে। ফলে পেনশনারদেরকে প্রকৃত পেনশন যথাসময়ে পরিশোধসহ কোন কোন ক্ষেত্রে Double Payment বা Over Payment এর ঝুঁকি তৈরি হচ্ছে। এ বিষয়ক জটিলতা নিরসনের জন্য সূত্রস্থ পত্রের নির্দেশনা সংশোধন ক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করে সকল Pay Point কে নির্দেশনা প্রদান করা হলোঃ

১।। ক) **Fresh/New Pensioner** এর ক্ষেত্রে: অবসর গ্রহণের তারিখ এবং Gratuity পরিশোধের মাসের মধ্যবর্তী সময়ের কোন মাসিক পেনশন/ভাতাদি বকেয়া থাকলে সংশ্লিষ্ট Pay Point হতে EFT এর মাধ্যমে তা পরিশোধ করার পর পেনশনারের তথ্যাদি সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে। অর্থাৎ যে মাসে পেনশনারের তথ্য সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে Transfer করা হবে তার পূর্ববর্তী মাসিক পেনশন ও ভাতাদি (যদি পাওনা থাকে) সংশ্লিষ্ট Pay Point থেকে EFT তে প্রদান করতে হবে। যে মাসে e-ppo Transfer করা হবে সে মাসের পেনশন পরবর্তী মাসে সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয় হতে EFT তে প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট পেনশনারের Gratuity পরিশোধের পর অবসর গ্রহণের তারিখ হতে EFT তে Payment এর শুরুর মাসের মধ্যবর্তী মাসের পাওনা EFT তে Payment এর জন্য প্রদর্শিত হবে।

খ) **Existing** পেনশনারের ক্ষেত্রে:

(১) যে মাসে পেনশনারের তথ্য আইবাস++ সিস্টেমে এন্ট্রি করা হবে তার পরবর্তী মাসে EFT তে Payment এর জন্য Pension Processing এ পেনশনারের তথ্য পাওয়া যাবে। এ ক্ষেত্রে ডাটা এন্ট্রির মাস হবে Pension Month এবং Accounting Month হবে পরবর্তী মাস। ডাটা এন্ট্রির পূর্ববর্তী কোন ধরনের বকেয়া থাকলে সংশ্লিষ্ট Pay Point হতে চেক/এ্যাডভাইজ এর মাধ্যমে Payment করতে হবে।

(২) সংশ্লিষ্ট Pay Point হতে ০২ টি EFT সফলভাবে প্রেরণের পর পেনশনারের e-ppo সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে Transfer করতে হবে। e-ppo Transfer এর পূর্ববর্তী কোন ধরনের বকেয়া সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয় হতে Payment করা হবে না। তাই e-ppo Transfer এর পূর্বে পেনশনারের তথ্য সতর্কতার সাথে যাচাই করতে হবে। এ সংক্রান্ত সর্বশেষ তথ্য, স্বাক্ষর ও সিল মোহরযুক্ত পিপিও বহি আইবাস++ সিস্টেমে আপলোড করতে হবে।

গ) **পারিবারিক পেনশনারের ক্ষেত্রে:**

(১) পারিবারিক পেনশনারের পেনশন শুরুর তারিখ এবং আইবাস++ সিস্টেমে পারিবারিক পেনশনারের তথ্য এন্ট্রির মাসের মধ্যবর্তী সময়ের কোন বকেয়া থাকলে সংশ্লিষ্ট Pay Point কে বকেয়া পরিশোধ করার পর পারিবারিক পেনশনারের তথ্যাদি সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(২) অনেক সময় দেখা যায় যে, পারিবারিক পেনশন মঞ্জুর হতে বিলম্ব ঘটে। সেক্ষেত্রে মূল পেনশনারের মৃত্যু তারিখ, পারিবারিক পেনশন মঞ্জুর এবং আইবাস++ সিস্টেমে এন্ট্রির মধ্যবর্তী সময়ের মধ্যে পার্থক্য পরিলক্ষিত হয়। পারিবারিক পেনশনারের তথ্য যে মাসে আইবাস++ সিস্টেমে এন্ট্রি দেয়া হবে তার পরবর্তী মাস এন্ট্রিকৃত মাসের পেনশন EFT তে পেমেন্টের জন্য প্রদর্শিত হবে। এক্ষেত্রে ডাটা এন্ট্রির মাস হবে Pension months এবং পরবর্তী মাস হবে Accounting Month। পূর্ববর্তী কোন বকেয়া EFT তে Payment এর জন্য প্রদর্শিত হবে না। মূল পেনশনারের মৃত্যু এবং আইবাস++ সিস্টেমে পারিবারিক পেনশনারের ডাটা এন্ট্রি দেয়ার মধ্যবর্তী সময়ের বকেয়া (যদি থাকে) সংশ্লিষ্ট Pay Point হতে চেক/এ্যাডভাইজ এর মাধ্যমে Payment করতে হবে।

(৩) পারিবারিক পেনশনারের ০২ টি EFT সফলভাবে প্রেরণের পেনশনারের e-ppo সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে Transfer করতে হবে। e-ppo Transfer এর পূর্ববর্তী সকল বকেয়া Pay Point হতে Payment করতে হবে।

(৪) পারিবারিক পেনশনারের Payment এর পূর্বে আবশ্যিকভাবে মূল পেনশনারের Payment এর তথ্য যাচাই করতে হবে। অনেক ক্ষেত্রে মূল পেনশনার যথাসময়ে Block না হওয়ার কারণে মৃত্যু পরবর্তী Payment হয়ে থাকে। এ ক্ষেত্রে মূল পেনশনারের মৃত্যু পরবর্তী সকল Payment পারিবারিক পেনশনারের প্রাপ্য বকেয়া হতে সমন্বয়পূর্বক পেমেন্ট করতে হবে।

ঘ) Reinstated Pensioner এর ক্ষেত্রে:

Reinstated Pensioner এর ক্ষেত্রে পূর্বে জারিকৃত নির্দেশনা অনুসরণ করতে হবে।

ঙ) Reinstated পারিবারিক Pensioner এর ক্ষেত্রে:

Reinstated পারিবারিক Pensioner এর ক্ষেত্রে “গ” এর নির্দেশনা অনুসরণীয়।

২। কোন পেনশনারের EFT এর আওতায় আনয়নের পর যে মাসের পেনশন EFT তে প্রদান শুরু হয়েছে উক্ত মাসের পূর্ববর্তী মাসের কোন বকেয়া উদ্ভব হলে (ফিক্সেশন/ভুল ডাটা এন্ট্রি ইত্যাদি কারণে) সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয় হতে কোন বকেয়া প্রদান করা হবে না। এ ধরনের বকেয়ার উদ্ভব হলে সংশ্লিষ্ট Pay point এর আবেদনের ভিত্তিতে সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয় হতে পেনশনারের ডাটা সংশ্লিষ্ট Pay point —এ প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট Pay point পেনশনারের বকেয়া “Token Entry Others” মেন্যু হতে চেক/এ্যাডভাইজ/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করবে। তবে বকেয়া দাবি পরিশোধের পক্ষে বিস্তারিত প্রমাণক স্ব স্ব কার্যালয়ে সংরক্ষণ এবং পিপিও বহির সর্বশেষ ব্যবহৃত পৃষ্ঠায় স্বাক্ষর ও সীলমহরযুক্ত সংক্ষিপ্ত মন্তব্য লাল কালিতে এন্ট্রিপূর্বক আইবাস++ সিস্টেমে আপলোড করে সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে প্রেরণ করবে। মন্তব্য প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত উদাহরণ অনুসরণ করতে হবেঃ

..... তারিখে সংশ্লিষ্ট পেনশনারকে EFT এর আওতায় আনা হয়েছে। তবে কারণে তাকে তারিখ হতে তারিখ পর্যন্ত টাকা চেক/এ্যাডভাইজ বকেয়া প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, অনুচ্ছেদ ১ এবং ২ এ বর্ণিত প্রস্তাব অনুযায়ী সকল পে-পয়েন্টে নির্দেশক্রমে নির্দেশনা জারি করা হলো।



(মোঃ মামুন-উল-মান্নান)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোন: ৯৩৬০৮৫৯

Email: addlccaacc@cga.gov.bd

- (১) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- (২) ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
- (৩) জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- (৪) উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।

নং-০৭.০৩.০০০০.০০৩.৬৫.৪৪০.১৮-২৪

তারিখঃ ২১/০১/২০২১খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

১) বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।

[দৃ: আ:- ডিসিএজি, (এএন্ডআর)]


২) জাতীয় প্রকল্প পরিচালক (SPFMS Program), ইউসেপ চেইনী টাওয়ার, ২৫, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[দৃ:আ: পিইসি, পেনশন এন্ড ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্কীম]

৩) অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন), হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪) পি এস টু সিজিএ।

৫) অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ মিরাজ আলী)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)
ফোন: ৯৩৪৯৮৪৪
ইমেইল: dcgaacc@cga.gov.bd